




পরিবার পরিকল্পনা অধিদপ্তর



এফপিআই  
ই-সুপারভিশন সিস্টেম  
ইউজার ম্যানুয়াল





# এফপিআই ই-সুপারভিশন সিস্টেম ইন্ডিজার ম্যানুয়াল

চতুর্থ সংস্করণঃ ১২ জুন, ২০১৯ (ভার্সন ২.৩)

## সূচিপত্র

|  |    |
|--|----|
| ভূমিকা .....   | ১  |
| এফপিআই ই-সুপারভিশন সিস্টেম ইউজার ম্যানুয়াল.....                               | ২  |
| পরিবার পরিকল্পনা প্রণয়ন ও কর্মসূচি প্রনয়নঃ .....                             | ২  |
| কর্মসূচি বাস্তবায়ন.....   | ২  |
| স্যাটেলাইট ক্লিনিক .....   | ৩  |
| তদারকী ও মনিটরিং .....   | ৩  |
| প্রশাসনিক দায়িত্ব .....   | ৩  |
| উপকরণ ও সরবরাহ.....  | ৪  |
| তথ্য সংরক্ষণ ও প্রতিবেদন তৈরী .....  | ৪  |
| অ্যাপ্লিকেশন কন্ট্রোল পরিচিতি .....  | ৫  |
| Keyboard পরিচিতি.....  | ৮  |
| পরিবার পরিকল্পনা পরিদর্শক ই-রেজিস্টার চালু ও ব্যবহার .....                     | ১০ |
| তদারকি কার্যক্রম.....  | ১৫ |
| পরিবার কল্যাণ সহকারীর মাসিক অগ্রিম কর্মসূচি অনুমোদন .....                      | ১৫ |
| পরিবার কল্যাণ সহকারীর মাসিক কার্যক্রম তদারকি.....                              | ২১ |
| পরিবার কল্যাণ সহকারীর সংগৃহীত তথ্য যাচাই .....                                 | ২৩ |
| জনসংখ্যা নিবন্ধন .....   | ২৪ |
| দম্পতি.....  | ৩২ |
| মা ও নবজাতক.....   | ৩৮ |
| এক নজরে পরিবার পরিকল্পনা সহকারীর অগ্রিম কর্মসূচির অবস্থা .....                 | ৪৫ |
| পরিবার কল্যাণ সহকারীর অনুমুদিত মাসিক অগ্রিম কর্মসূচি .....                     | ৪৫ |
| পরিবার কল্যাণ সহকারীর অগ্রিম কর্মসূচির অগ্রগতির অবস্থা .....                   | ৪৭ |
| পরিবার কল্যাণ সহকারীর তারিখ ভিত্তিক অনুমুদিত মাসিক অগ্রিম কর্মসূচি.....        | ৪৯ |
| পরিবার কল্যাণ সহকারীর তারিখ ভিত্তিক অগ্রিম কর্মসূচির অগ্রগতির অবস্থা .....     | ৫২ |
| অন্যান্য কার্যক্রম.....  | ৫৬ |
| পরিবার পরিকল্পনা পরিদর্শকের মাসিক অগ্রিম কর্মসূচি প্রণয়ন .....                | ৫৬ |
| পরিবার পরিকল্পনা পরিদর্শকের মাসিক অগ্রিম কর্মসূচি অনুযায়ী মাসিক অগ্রগতি ..... | ৭১ |
| ডাটা সিজ্ঞ .....   | ৭৪ |
| রিপোর্ট.....   | ৭৬ |
| দৈনন্দিন কার্যাবলীর হিসাব ছক .....   | ৭৮ |
| খানার জনসংখ্যার হিসাব ছক.....  | ৭৯ |
| এম আই এস ফরম ১ .....   | ৮০ |
| এম আই এস ফরম ১ অনুমোদন প্রক্রিয়া .....  | ৮১ |
| এম আই এস ফরম ১ অনুমোদন প্রক্রিয়া .....  | ৮২ |
| গ্রাম ভিত্তিক জনসংখ্যার হিসাব ছক.....  | ৮৩ |

|  |     |
|--|-----|
| সন্তান সংখ্যা অনুযায়ী এবং বয়স ভিত্তিক পদ্ধতি গ্রহণকারী ও অগ্রহণকারী সক্ষম দম্পতিদের ছক ..... | ৮৪  |
| পরিবার পরিকল্পনা পরিদর্শকের তদারকি ছক .....  | ৮৫  |
| মাসিক কর্মপরিকল্পনার রিপোর্ট .....   | ৮৬  |
| এম আই এস ফরম ২ .....   | ৮৭  |
| নোটিফিকেশান .....  | ৮৮  |
| পরিবার কল্যাণ সহকারীর অগ্রিম কর্মসূচি অনুমোদনের অবস্থা .....                                   | ৮৯  |
| পরিবার কল্যাণ সহকারীর অগ্রিম কর্মসূচি প্রেরণের অবস্থা .....                                    | ৯২  |
| পরিবার কল্যাণ সহকারীর অনুমোদিত অগ্রিম কর্মসূচির অগ্রগতির অবস্থা .....                          | ৯৫  |
| পরিবার কল্যাণ সহকারীর দৈনন্দিন কার্যক্রমের অবস্থা .....  | ৯৮  |
| তদারকি সহায়ক টুলস .....   | ১০০ |
| গর্ভকালীন সেবার তথ্য সংগ্রহ .....  | ১০১ |
| ইডিডি অতিক্রান্ত মহিলাদের তালিকা .....   | ১০২ |
| প্রসবোত্তর মায়ের তথ্য সংগ্রহ .....  | ১০৪ |
| নবজাতকের সেবার তথ্য সংগ্রহ .....   | ১০৬ |
| দম্পতি পরিদর্শনের অবস্থা ৩ মাসের অধিক .....  | ১০৭ |
| ই-টিকেট .....  | ১০৯ |
| এপ্লিকেশন বন্ধ করা .....   | ১১৩ |
| বহুল জিজ্ঞাসিত প্রশ্ন .....  | ১১৪ |
| ম্যানুয়ালে ব্যবহৃত টেকনিক্যাল শব্দসমূহ .....  | ১১৫ |

## ভূমিকা

পরিবার পরিকল্পনা পরিদর্শক ইউনিয়ন পর্যায়ে পরিবার পরিকল্পনা সহকারীর কাজ তদারকি করে থাকেন। পরিবার কল্যাণ সহকারীরা তার কর্ম এলাকার সক্ষম দম্পতিদের পরিবার পরিকল্পনা পদ্ধতি, মা ও শিশু স্বাস্থ্য, কিশোর-কিশোরীদের স্বাস্থ্য, পুষ্টি তথ্য সম্পর্কে তথ্য সংগ্রহ করেন। পরিবার কল্যাণ পরিদর্শক উক্ত কর্মকাণ্ডগুলো তদারকি করে থাকেন। সময়ের আবর্তনের ধারায় পরিবার পরিকল্পনা কার্যক্রম ও গর্ভনিরোধকের নিরাপদ ব্যবহার/ প্রয়োগের ক্ষেত্রে তথ্য ও প্রযুক্তি, উপকরণ ও সরবরাহ, ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও সেবা বিতরণ পদ্ধতি এবং মনিটরিং পদ্ধতির আমূল পরিবর্তন ঘটেছে। ফলে বর্তমানে প্রচলিত পরিবার কল্যাণ পরিদর্শকের তদারকি কার্যক্রম ম্যানুয়াল সংস্করণ ও মানোন্নয়ন আবশ্যিক হয়ে পড়েছিল। সে লক্ষ্যে সাম্প্রতিক প্রযুক্তি ও তথ্যের সন্নিবেশ করে বর্তমান ম্যানুয়ালটি সংস্করণ করা হয়েছিল। এখানে সর্বাধিক গুরুত্ব দেয়া হয়েছে সেবা কর্মীদের আগ্রহী জ্ঞান পিপাসাকে, সে মর্মে প্রতিটি অধ্যায় এবং অংশকে সবিস্তারে বর্ণনার পাশাপাশি কর্ম ক্ষেত্রে সৃষ্ট সাধারণ সমস্যা এবং তার সমাধান রয়েছে।

ম্যানুয়ালটি প্রস্তুতে সার্বিক (আর্থিক ও কারিগরি) সহায়তা প্রদানের জন্য আইসিডিডিআরবি- কে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি। সর্বোপরি এর লেখক, পরামর্শক এবং সম্পাদনা-প্রকাশনা ও রিভিউ কাজে সংশ্লিষ্ট সকলকে তাদের নিরলস পরিশ্রমের জন্য অভিনন্দন জানাচ্ছি। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো, ম্যানুয়ালটি পড়তে হবে এবং এগুলোর তথ্যসমূহ কাজে লাগাতে হবে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সকল সেবা কেন্দ্র, প্রশিক্ষণ প্রতিষ্ঠান, মেডিকেল কলেজ সহ সকল প্যারামেডিক শিক্ষা প্রতিষ্ঠান সমূহ এই ম্যানুয়ালটি রেফারেন্স/ স্ট্যান্ডার্ড ম্যানুয়াল হিসেবে ব্যবহার করতে পারবেন। যে সকল বেসরকারী সংস্থা পরিবার পরিকল্পনা কার্যক্রমে নিয়োজিত রয়েছেন তারাও এই ম্যানুয়ালটি ব্যবহার করবেন বলে আমরা আশা করি।

আমাদের দৃঢ় বিশ্বাস এই ম্যানুয়ালটি পরিবার পরিকল্পনা কার্যক্রমে উন্নত মানসম্পন্ন ও নিরাপদ সেবা প্রদান নিশ্চিত করবে এবং এর ফলশ্রুতিতে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার লক্ষ্যসমূহ অর্জনে সহায়ক হবে।

## এফপিআই ই-সুপারভিশন সিস্টেম ইউজার ম্যানুয়াল

কার্যক্রমঃ পরিবার পরিকল্পনা পরিদর্শকগণ মূলত পরিবার কল্যাণ সহকারীদের কাজের তত্ত্বাবধান করে থাকেন। পরিবার পরিকল্পনা পরিদর্শকের মূল কাজ হল, ইউনিয়ন পর্যায়ে স্যাটেলাইট ক্লিনিক ও পরিবার কল্যাণ কেন্দ্রে মা ও শিশু স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, পুষ্টি, প্রাথমিক ও প্রজনন স্বাস্থ্য পরিচর্যা প্রদান। পরিবার পরিকল্পনা পরিদর্শকের কাজের প্রশাসনিক জবাবদিহিতা থাকবে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার নিকট, কার্যনির্বাহের ক্ষেত্রে সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার সহযোগিতা নিতে পারবেন। তার তত্ত্বাবধায়নামীন কর্মচারী হবে পরিবার কল্যাণ সহকারী।

### পরিবার পরিকল্পনা প্রণয়ন ও কর্মসূচি প্রনয়নঃ

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) এর দিক নির্দেশনায় মা, শিশু স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি কর্মসূচি বাস্তবায়নের জন্য পরিবার কল্যাণ সহকারী রেজিস্টার ব্যবহার করে নিম্নলিখিত কার্যাবলীর কর্মপরিকল্পনা প্রণয়নঃ

- ইউনিয়ন স্যাটেলাইট ক্লিনিক সংগঠনের জন্য স্থান নির্বাচন এবং সময়সূচি প্রণয়ন।
- মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) বা মেডিকেল অফিসার (এফডব্লিউ) এবং উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার নির্দেশে ইউনিয়ন পর্যায়ে পরিবার পরিকল্পনা শিবিরের সময়সূচি নির্ধারণ ও সংগঠন।
- ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে কর্মীদের পাক্ষিক সভায় অংশগ্রহণ এবং ইউনিয়ন পরিবার পরিকল্পনা কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন
- উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা এবং মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) এর দিক-নির্দেশনায় ইউনিয়নে সম্প্রসারিত টিকাদান কার্যক্রমে সহায়তা প্রদান
- ইউনিয়ন পর্যায়ে তথ্য, শিক্ষা ও যোগাযোগ বিষয়ক সভা এবং এই সংক্রান্ত অন্যান্য কার্যক্রম এবং স্বাস্থ্য, শিক্ষা, পুষ্টি ও বৃক্ষরোপন সহ অন্যান্য উন্নয়নমূলক প্রচারাভিযান সংগঠনের পরিকল্পনা প্রণয়ন।
- প্রতি ইউনিটের সক্ষম দম্পতির সংখ্যা ও পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহারকারীর হার বিবেচনা করে প্রত্যেক পরিবার কল্যাণ সহকারীর জন্য নির্ধারিত প্রজেকশন অর্জনে সহায়তা প্রদান করা।
- প্রতি ইউনিটের পরিবার পরিকল্পনা পদ্ধতির নিয়মিত গ্রহণকারী, পদ্ধতি পরিত্যাগকারী এবং অগ্রহণকারী সক্ষম দম্পতিদের তালিকা ও সেবা প্রদানের পরিকল্পনা প্রণয়ন করা।
- ইউনিয়নে মা ও শিশুস্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, কৈশোরকালীন প্রজনন স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি সেবা প্রদান ব্যবস্থা উন্নত করার লক্ষ্যে উত্তাবনীমূলক পরিকল্পনা প্রণয়ন করা।
- পরিবার কল্যাণ সহকারীদের মাধ্যমে গর্ভবতী মায়ীদের তালিকা প্রণয়ন ও নবায়ন নিশ্চিত করণ করা।

### কর্মসূচি বাস্তবায়ন

তথ্য, শিক্ষা ও যোগাযোগ কর্মসূচীঃ

- স্থানীয় নেতৃবর্গের সাথে উদ্বুদ্ধকরণ সভায় অংশগ্রহণ করা।
- পরিবার পরিকল্পনার স্থায়ী ও অস্থায়ী পদ্ধতি গ্রহণে পুরুষদের উৎসাহিতকরণে সার্বিক দায়িত্ব পালন করা।

- পরিবার কল্যাণ সহকারী ও পরিবার কল্যাণ পরিদর্শিকার সহযোগিতায় স্থানীয় পরিবার কল্যাণ কেন্দ্রে প্রয়োজনানুসারে জাতীয় বেতারে প্রচারিত স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক অনুষ্ঠানমালা প্রচারের ব্যবস্থা করা।
- ইউনিয়নে পল্লীগায়ক দলের মাধ্যমে গণউদ্বুদ্ধকরণ সভার আয়োজন করা।
- ইউনিয়নে মা ও শিশু স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, কৈশোরকালীন প্রজনন স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি সম্পর্কিত চলচ্চিত্র প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা।
- ইউনিয়ন পর্যায়ে বিভাগীয় ও আন্তঃবিভাগীয় কর্মকর্তা/কর্মচারী এবং বেসরকারী সংস্থার প্রতিনিধিদের সহিত যোগাযোগ রক্ষা ও সমন্বয় সাধন করা।

### স্যাটেলাইট ক্লিনিক

- ইউনিয়ন পরিষদের ওয়ার্ড মেম্বর ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের সাথে আলোচনা করে স্যাটেলাইট ক্লিনিক আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা।
- পরিবার কল্যাণ পরিদর্শিকা/পরিবার কল্যাণ সহকারীদের স্যাটেলাইট ক্লিনিক ব্যবস্থাপনায় সহায়তা দানের উদ্দেশ্যে অংশগ্রহণ করা।
- এলাকার সকল গর্ভবতী মা ও সক্ষম দম্পতিদের স্যাটেলাইট ক্লিনিকের দিন এবং স্থান সম্পর্কে অবহিতকরণ করা।

### তদারকী ও মনিটরিং

- পরিকল্পনা অনুযায়ী পরিবার কল্যাণ সহকারীদের তদারকী করা, পরিদর্শনকালে চেকলিষ্ট ব্যবহার ও পরিদর্শনের বিষয়াদি উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে জানানো।
- সার্কুলার অনুযায়ী পরিবার পরিকল্পনা সেবা গ্রহণকারীর উপাত্ত যাচাই করা।
- পরিবার কল্যাণ সহকারী রেজিস্টার সঠিকভাবে পূরণ হচ্ছে কিনা তা মনিটর করা এবং প্রয়োজনবোধে পরিবার কল্যাণ সহকারীদের প্রশিক্ষণ প্রদান করা।
- পরিবার কল্যাণ সহকারীগণ বাড়ি পরিদর্শনকালে প্রয়োজনীয় সামগ্রী যথা- ব্যাগ, রেজিস্টার, জন্মনিয়ন্ত্রণ সামগ্রী, মাঠকর্মী সহায়িকা, ফ্লাশ কার্ড ইত্যাদি সঙ্গে নেয় কিনা তা পরীক্ষা করা।

### প্রশাসনিক দায়িত্ব

- পরিবার কল্যাণ সহকারীদের দায়িত্ব ও কর্তব্য যথাযথ পালনে ব্যর্থতার জন্য বিভাগীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা।
- পরিবার কল্যাণ সহকারীদের মাসিক অগ্রিম কর্মসূচি অনুমোদন করে উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে প্রেরণ করা।
- পরিবার কল্যাণ সহকারীদের নৈমিত্তিক ছুটির আবেদন সুপারিশসহ উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে প্রেরণ করা।

## উপকরণ ও সরবরাহ

- পরিবার কল্যাণ সহকারী কর্তৃক জন্মনিয়ন্ত্রণ সামগ্রীর চাহিদাপত্র তৈরী, প্রাপ্তি ও বিতরণ নিশ্চিত করা।
- উপকরণ ও সরবরাহ সংক্রান্ত যে কোন সমস্যা উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অবহিত করা এবং আশু পদক্ষেপের জন্য পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা।

## তথ্য সংরক্ষণ ও প্রতিবেদন তৈরী

- পরিবার কল্যাণ সহকারীদের নিকট হতে মা ও শিশু স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, কৈশোরকালীন প্রজনন স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টির মাসিক অগ্রগতি, জন্মনিয়ন্ত্রণ সামগ্রী বিতরণের মাসিক তথ্যাবলী সংগ্রহ করা এবং নির্দিষ্ট ফরমে প্রতিবেদনসমূহ ও পুষ্টির মাসিক অগ্রগতি, জন্মনিয়ন্ত্রণ সামগ্রী বিতরণের মাসিক তথ্যাবলী সংগ্রহ করা এবং নির্দিষ্ট ফরমে প্রতিবেদনসমূহ সংকলন করে উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে সময়মত প্রেরণ করা।
- ইউনিয়নে সক্ষম দম্পতি, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর হার (সিপিআর), মা ও শিশু স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, কৈশোরকালীন প্রজনন স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি কর্মসূচির মাসিক অগ্রগতি, পরিবার পরিকল্পনার কর্মী ভিত্তিক কাজের অগ্রগতি, তথ্যের মানচিত্র, কর্মীদের কর্মপরিকল্পনা ইত্যাদি বিষয়ে তথ্য প্রদর্শনের ব্যবস্থা করা। এই সকল তথ্যের নবায়নকরণ ও ব্যবহার নিশ্চিত করা।
- ইউনিয়ন পর্যায়ে সকল সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী বিতরণ ও সংরক্ষণ করা।
- উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য সকল দায়িত্ব সম্পাদন করা।



## অ্যাপ্লিকেশন কন্ট্রোল পরিচিতি

অ্যাপ্লিকেশনটি ব্যবহার করার সময় স্থান ভেদে কিছু কন্ট্রোল (তথ্য প্রদানের স্থান নিচে দেখুন) দেখতে পাবেন যা কিনা বিভিন্ন ধরনের তথ্য সংগ্রহের জন্য প্রয়োজন।

**টেক্সট বক্স (Text Box):** এমন একটি ঘর, যেখানে কিছু টাইপ করা যায়।। কোন কিছু টাইপ করার জন্য (যেমন: নাম, বয়স, মোবাইল নম্বর ইত্যাদি) প্রথমে টেক্সট বক্স সিলেক্ট করতে হবে, তখন ট্যাবের নীচের অংশে কীবোর্ড দেখতে পাবেন। এখন কীবোর্ডে হরফগুলো স্পর্শ করে আপনি টাইপ করতে পারবেন।

|                |               |
|----------------|---------------|
| ১. নাম(ইংরেজি) | JAHANGIR ALAM |
|----------------|---------------|

**ড্রপডাউন লিস্ট (Dropdown List):** একটা টেবিল/তালিকা যেখানে থেকে তথ্য বেছে নেয়া যায়। টেক্সট বক্সের পাশে একটি ছোট চিহ্ন থাকে, যাতে বোঝানো হয়, এখানে স্পর্শ করলে একটি তালিকা দেখা যাবে। সেই তালিকা থেকে প্রশ্নের অনেকগুলো সম্ভাব্য উত্তর থাকে। যে উত্তরটি নিতে চান সেটি তালিকা থেকে স্পর্শ করুন। সাথে সাথে টেক্সট বক্সটিতে পছন্দকৃত উত্তরটি দৃশ্যমান হবে। অনেক সময় তালিকার বাইরে থেকেও ব্যবহারকারী উত্তর লিখতে পারেন, তবে সে সুবিধা খুব কমই দেয়া থাকে।

|                                     |  |
|-------------------------------------|--|
| ২. খানা প্রধানের সাথে সম্পর্ক       |  |
| ৩. জাতীয় পরিচয় পত্র নং            | 00-খানা প্রধানের সাথে সম্পর্ক নাই  |
| জাতীয় পরিচয় পত্র নং থাকলে কেন নাই | 01-নিজেই খানা প্রধান<br>02-খানা প্রধানের স্বামী/স্ত্রী                   |
| ৪. জন্ম নিবন্ধন নম্বর               | 03-খানা প্রধানের ছেলে /মেয়ে<br>04-খানা প্রধানের বাবা /মা                |
| জন্ম নিবন্ধন নম্বর না থাকলে কেন নাই | 05-খানা প্রধানের ভাই /বোন<br>06-খানা প্রধানের চাচা/ফুফু/মামা/খালা        |
| ৫. মোবাইল নম্বর-১                   | 07-খানা প্রধানের দাদা/দাদি/নানা/নানি                                     |
| মোবাইল নম্বর-২                      | 08-খানা প্রধানের নাতি/নাতনী<br>09-খানা প্রধানের শ্যালক/শ্যালিকা/দেবর/ননদ |
| ৬. জন্ম তারিখ                       | 10-খানা প্রধানের স্বশুর/শাশুড়ি  |
| ৭. প্রকৃত জন্ম তারিখ                | 11-খানা প্রধানের সৎ বাবা /মা<br>12-খানা প্রধানের সৎ ছেলে /মেয়ে          |

**রেডিও বাটন (Radio Button):** একটি বৃত্তাকার ঘর, যেটি স্পর্শ করলে ঘরটি ভরাট হয়ে যায়। যে কোন একটি একটি উত্তর বেছে নেয়ার জন্য রেডিও বাটন ব্যবহার করা হয়। যেমন, নীচে প্রকৃত ও আনুমানিক জন্মতারিখ— এ দুটির মধ্যে প্রকৃত লেখা বৃত্তটি সিলেক্ট করা হয়েছে। এ ক্ষেত্রে কেবল একটি উত্তরই সিলেক্ট করে করা যায়। কোন একটি সিলেক্ট হলে অন্যটি ফাঁকা থাকে।



|               |  |
|---------------|--|
| ৬. জন্ম তারিখ | <input checked="" type="radio"/> প্রকৃত <input type="radio"/> আনুমানিক |
|---------------|--|

**চেক বক্স (Check Box):** চেক বক্স ছোট একটি চৌকোনা ঘর, যেটি শুরুতে ফাঁকা থাকে। তবে স্পর্শ করলে তার ভিতর টিক চিহ্ন দৃশ্যমান হয়। তার মানে বর্ণিত বিষয় বা বিবৃতির সাথে সম্মতি আছে। টিক দেয়া অবস্থায়

উত্তর ইতিবাচক হবে। যেমন, *জাতীয় পরিচয়পত্র নম্বর* টেক্সট বক্সটির পাশে নাই লেখাটির পাশে একটি চেক বক্স আছে। সেটি স্পর্শ করলে টিক চিহ্ন দেখা যাবে। এতে বোঝা যাবে উত্তরদাতা জাতীয় পরিচয়পত্র প্রদর্শন করতে পারেন নি। তখন ব্যবহারকারী নীচে উত্তর লেখার জন্য *জাতীয় পরিচয়পত্র না থাকলে কেন নাই* প্রশ্নের পাশের ড্রপডাউন লিস্টটি ব্যবহার করতে পারবেন। টিক চিহ্ন বসার আগে নিচের ড্রপডাউনটি ইনএক্টিভ বা অকার্যকর থাকবে। টিক চিহ্ন মুছতে হলে চেক বক্সটি স্পর্শ করতে হবে। চেক বক্স খালি থাকার অর্থ হচ্ছে উত্তরদাতার পরিচয় পত্র আছে, সেক্ষেত্রে নম্বরটি পরিচয়পত্র দেখে টাইপ করতে হবে।

|   |                      |   |
|---|----------------------|---|
| ৩. জাতীয় পরিচয় পত্র নম্বর               | <input type="text"/> | নাই <input checked="" type="checkbox"/> |
| জাতীয় পরিচয় পত্র নম্বর না থাকলে কেন নাই |                      |   |
| ৪. জন্ম নিবন্ধন নম্বর                     | <input type="text"/> | নাই <input checked="" type="checkbox"/> |


**তারিখ (Date):** তারিখ থাকলে সেটা লিপিবদ্ধ করার জন্য তারিখের ঘরের পাশে ক্যালেন্ডারের আইকনে সিলেক্ট করবেন। একটি ক্যালেন্ডার দেখা যাবে এবং সেখান থেকে নির্দিষ্ট তারিখ সিলেক্ট করতে হবে।




ক্যালেন্ডারে সম্পূর্ণ মাসটিই দেখা যায়। ঐ মাসের যে কোন দিন সিলেক্ট করতে চাইলে ক্যালেন্ডার থেকে ঐ দিনটি স্পর্শ করতে হবে। উপরের দিকে তারিখ, মাস, বছর আলাদা ভাবে সিলেক্ট করার অপশন আছে। উপরের দিকে তারিখ, মাস এবং বছরের অপশনটি সিলেক্ট করে পরবর্তিতে আপনি যে সালটিকে সিলেক্ট করতে চান তা পাশাপাশি টেনে পরিবর্তন করতে পারবেন। ক্যালেন্ডার থেকে তারিখ সিলেক্ট করার পর নীচের দিকে **ok** সিলেক্ট করতে হবে। তাহলে নির্দিষ্ট দিনটি তারিখের ঘরে চলে আসবে।

তাছাড়া আপনি যদি ২০১৮ থেকে ১৯৭০ সালে খুব সহজে যেতে চান তাহলে আপনি যেখানে ২০১৮ আছে ঠিক সেই জাইগায় টাচ করলে আপনাকে সালের লিস্ট দেখাবে। তখন আপনি খুব সহজে সাল পরিবর্তন করতে পারবেন।



**সময় (Time):** সময় লিপিবদ্ধ করার জন্য ঘড়ির আইকন স্পর্শ করতে হবে।  তখন একটি ঘড়ি প্রদর্শিত হবে। সেই ঘড়ি থেকে নির্দিষ্ট সময় সিলেক্ট করতে হবে। ক্যালেন্ডারের মত উপর এবং নিচের দিকে টেনে ঘণ্টা, মিনিট এবং AM/PM পরিবর্তন করা যায়। ঘড়ি থেকে সময় সিলেক্ট করার পর Set/Done অপশন স্পর্শ করতে হবে। তখন সময়টি নির্দিষ্ট ঘরে দেখা যাবে। মত পরিবর্তন হলে এ কাজ না করে বেরিয়ে যাওয়ার জন্য cancel স্পর্শ করা যাবে।




## Keyboard পরিচিতি



কোন কিছু টাইপ করার জন্য যেমন, নাম, নম্বর অথবা ঠিকানা লেখার ক্ষেত্রে কীবোর্ড ব্যবহার করার প্রয়োজন হবে। কীবোর্ডে ইংরেজি বড় হাতের A থেকে Z, ছোট হাতের a থেকে z পর্যন্ত এবং যে কোন লেখার জন্য 0 থেকে 9 পর্যন্ত হরফ আছে। আরও কিছু দরকারি চিহ্ন থাকে যাকে স্পেশাল ক্যারেক্টার বলে। এখান থেকে আপনি আপনার প্রয়োজনমত হরফ কিংবা সংখ্যা টাইপ করতে পারবেন। কীবোর্ড এর সকল ইংলিশ ক্যারেক্টার (A-Z, a-z) অথবা নম্বর (0-9) কে কিবোর্ড বলে যা কিনা কিছু টাইপ করার জন্য ব্যবহার করা হয়।

০-৯ টাইপ করার জন্য




A-Z, a-z টাইপ করার জন্য




## Space Button/Key

দুটি শব্দের মাঝখানে ফাঁকা ঘর দেয়ার জন্য Space button/key ব্যবহার করা হয়। এটি কীবোর্ডের নীচের মাঝখানে বড় Key.





## Back space Button/Key

কোন কিছু মোছার (delete) জন্য Back space Button/Key  ব্যবহার করা হয়। এটি কীবোর্ডের ডান পাশের বাঁ দিকে তীর এবং ক্রস চিহ্নিত Key. ডান পাশ থেকে একটি করে অক্ষর মোছার জন্য একবার করে Press করতে হয়। এবং মাঝখান থেকে কোন অক্ষর মুছতে হলে সেই অংশে টাচ করে Back space Button/Key একবার Press করতে হবে।



বড় হাতের হরফ টাইপ করা

কীবোর্ডের নীচের অংশে উপরের দিকে তীর চিহ্নিত বাটন  একবার স্পর্শ করলে সকল হরফ বড় হাতের (A-Z) হবে এবং প্রথমটি লেখার পর অন্য সবগুলো ছোট হাতের হবে। যদি সকল হরফ বড় হাতের লেখার প্রয়োজন হয় তাহলে উপরের  দিকে তির চিহ্নিত বাটনে পর পর দুবার স্পর্শ করলে সকল হরফ বড় হাতের (A-Z) হবে এবং লেখার সময় সব গুলো হরফ বড় হাতের হবে। পুনরায় ছোট হাতের হরফ লিখতে হলে ঐ বাটনটি আবার স্পর্শ করতে হবে।



ডাটা সংহতি রক্ষার জন্য টেক্সট বক্স কি ধরনের ইনপুট গ্রহণ করবে তা নিয়ন্ত্রণ করা হয়ে থাকে। এই ধরন অনুসারে কীবোর্ড পরিবর্তন হবে। যেমন, টেক্সট বক্স ধরন যদি ক্যারেক্টার হয় তাহলে নীচের কীবোর্ড দেখাবে:




যদি টেক্সট বক্স এর ধরন সংখ্যা হয় তাহলে নীচের কীবোর্ড দেখাবে (কোন ক্যারেক্টার লেখা যাবে না)।




## পরিবার পরিকল্পনা পরিদর্শক ই-রেজিস্টার চালু ও ব্যবহার

প্রথমে আপনার ট্যাব ওপেন করার পর পরিবার পরিকল্পনা অধিদপ্তরের একটি লোগো দেখতে পাবেন। লোগোর নিচে FPI eSupervision লেখাটি থাকবে। এটাই হচ্ছে আপনার তথা পরিবার পরিকল্পনা পরিদর্শকের ই-রেজিস্টার। আপনি কর্মীদের সুপারভিশনের জন্য নিচের ছবির মত লোগোতে টাচ করুন। তাহলে আপনার লগইন পেজ চলে আসবে। Login স্ক্রিনে আপনার নিজের প্রোভাইডার আইডি নম্বর এবং নাম থাকবে। আপনার পাসওয়ার্ড আপনাকে লিখতে হবে। তারপর Login বাটনে টাচ করুন।



The screenshot shows the login interface of the FPI eSupervision System. At the top center is the system logo, a green circle with a white emblem and the text 'eMIS-FP FPI eSupervision System'. Below the logo are two input fields. The first field contains the text '691004 - Md.Ekramul Haque' and has a small person icon to its right. The second field contains the text 'পাসওয়ার্ড' (Password) and has a lock icon to its right.

Login স্ক্রিনের একটি মোবাইল নাম্বার দেওয়া আছে, এ্যাপের বিষয়ে সহায়তার জন্য এ নম্বরে ফোন করতে পারেন।



The screenshot shows a help information box with a blue border. It contains the following text: 'সহায়তার জন্য কল করুন : ০১৭০৮৪৬১০২০' (Call for assistance: 01708461020), '(সকাল ০৯:০০ - বিকাল ০৫:০০)' (Morning 09:00 - Evening 05:00), and 'Version: 2.3, Release Date: 15/05/2019'. At the bottom, there is a blue button with the text 'রিলিজ নোট' (Release Note) and a hand icon pointing to it.


এই স্ক্রিনে ভার্সন নাম্বার এবং সেই ভার্সন রিলিজের তারিখ দেয়া আছে। সফটওয়্যার আপডেট হওয়া একটা নিয়মিত ঘটনা। সফটওয়্যারের কোন সমস্যার সমাধান বা মান উন্নয়নের জন্য নতুন সংস্করণ বা রিলিজ দেয়া হয়। নতুন ভার্সন সাথে সাথে ডাউনলোড করুন। কারণ তা আপনাকে আরো ভালভাবে আপনার সফটওয়্যার পরিচালনায় সহায়তা করবে।

একেবারে নীচের দিকে রিলিজ নোট নামের একটি বাটন আছে। এখানে সর্বশেষ ভার্সনে কি কি পরিবর্তন হয়েছে, তাঁর সংক্ষিপ্ত বিবরণ দেখে নিতে পারেন।

← রিলিজ নোট
✕

📄 Release notes
✕

## Release notes



**Module: FPI eSupervision System**

Version: 2.3

Date: May 15, 2019

**About the release:**

FPI eSupervision System version 2.3 is the modified version of 2.1 containing fixes for some issues as well as some enhancements.

**Issues fixed:**

1. Issues with work plan submission status (resubmitted and submitted) by FWA have been fixed.
2. Appropriate color has been assigned to different status of work plan submission by FWAs (with regard to changes made by the FWA subsequent to submission). Validation also added so that FWAs can make changes to the submitted work plan only after getting input from FPI. In other words, FWAs would not be able to re-submit their work plan before getting FPI's feedback.
3. Validation included in the field for inputting number of days on leave (only

পাসওয়ার্ড সঠিক হলে এ্যাপের মূল স্ক্রিনটি দৃশ্যমান হবে তথা পরিবার কল্যাণ পরিদর্শক ই-সুপারভিশন সিস্টেমের মূল স্ক্রিন অপর পৃষ্ঠার ছবির মত দৃশ্যমান হবে।

## পরিবার পরিকল্পনা পরিদর্শক ই-তত্ত্বাবধান ব্যবস্থা

জেলা : টাঙ্গাইল ( 93 )      উপজেলা : মির্জাপুর ( 66 )

🔄 ডাটা সিল্ক
📄 রিপোর্ট
🔔 নোটিফিকেশন
📁 তদারকি সহায়ক টুলস

ইউনিয়ন : উয়াশী ( 94 )

তদারকি কার্যক্রম

পঃ কঃ সহকারীর মাসিক অগ্রিম কর্মসূচি অনুমোদন

পঃ কঃ সহকারীর মাসিক কার্যক্রম তদারকি

পঃ কঃ সহকারীর সংগৃহীত তথ্য যাচাই

এক নজরে পঃ কঃ সহকারীর অগ্রিম কর্মসূচির অবস্থা

পঃ কঃ সহকারীর অনুমোদিত মাসিক অগ্রিম কর্মসূচি

পঃ কঃ সহকারীর তারিখ ভিত্তিক অনুমোদিত মাসিক অগ্রিম কর্মসূচি

পঃ কঃ সহকারীর অগ্রিম কর্মসূচির অগ্রগতির অবস্থা

পঃ কঃ সহকারীর তারিখ ভিত্তিক অগ্রিম কর্মসূচির অগ্রগতির অবস্থা

অন্যান্য কার্যক্রম

পঃ পঃ পরিদর্শকের মাসিক অগ্রিম কর্মসূচি প্রনয়ন

পঃ পঃ পরিদর্শকের অগ্রিম কর্মসূচি অনুযায়ী মাসিক অগ্রগতি

### মনে রাখুন

- প্রোভাইডার আইডি নম্বর ও নাম : কর্মীর প্রোভাইডার আইডি নম্বর ও নাম সিস্টেমে দেয়া থাকবে।
- পাসওয়ার্ড: ট্যাবে প্রবেশ করার জন্য একটি পাসওয়ার্ড দেয়া হবে। এটি মনে রাখতে হবে। ভুলে গেলে আর ট্যাবে প্রবেশ করা যাবে না (নতুন করে পাসওয়ার্ড সংগ্রহ করতে হতে পারে)।
- সহায়তার জন্য কল করুনঃ মাঠ পর্যায়ে কাজ করার সময় ট্যাবে কোন সমস্যা হলে এই নাম্বার সহায়তার জন্য ফোন করুন।
- রিলিজ নোটঃ প্রতি আপডেট ভার্সনে কি কি পরিবর্তন এসেছে, তাঁর সংক্ষিপ্ত বিবরণ থাকবে।



এতে মোট চারটি অংশ তথা প্যানেল আছে। সবচেয়ে উপরের অংশে আছে কিছু টুলস (ডাটা সিঙ্ক, কার্যক্রমের রিপোর্ট, নোটিফিকেশন, তদারকি সহায়ক টুলস ইত্যাদি)। পরের প্যানেলে তথা দ্বিতীয় প্যানেলে আছে তদারকি কার্যক্রম। তৃতীয় প্যানেলে আছে এক নজরে পরিবার কল্যাণ সহকারীর অগ্রিম কর্মসূচির অবস্থা যেখানে অনুমোদিত মাসিক অগ্রিম কর্মসূচি ও অগ্রগতি এবং তারিখ ভিত্তিক অনুমোদিত মাসিক অগ্রিম কর্মসূচি ও অগ্রগতির অবস্থা দেখা যায়। চতুর্থ প্যানেলে অন্যান্য কার্যক্রম অর্থাৎ একজন পরিবার পরিদর্শক তার নিজের মাসিক অগ্রিম কর্মসূচি প্রণয়ন করতে পারবেন এবং এই অগ্রিম কর্মসূচির অগ্রগতির অবস্থা সম্পর্কে তথ্য লিপিবদ্ধ করতে পারবেন। এই প্যানেলগুলোর মধ্যকার প্রত্যেকটি বাটনেই কোন না কোন কাজের জন্য সুবিধা সন্নিবেশিত আছে।

পরিবার পরিকল্পনা পরিদর্শক ই-তত্ত্বাবধান ব্যবস্থা ✕

উপজেলা: 66 - মির্জাপুর

↻ ডাটা সিঙ্ক

📄 প্রথম অংশ

📄 রিপোর্ট

🔔 নোটিফিকেশন

📁 তদারকি সহায়ক টুলস

ইউনিয়ন : 63 - জামুকী

তদারকি কার্যক্রম
দ্বিতীয় অংশ

পঃ কঃ সহকারীর মাসিক অগ্রিম কর্মসূচী অনুমোদন

পঃ কঃ সহকারীর মাসিক কার্যক্রম তদারকি

পঃ কঃ সহকারীর সংগৃহীত তথ্য যাচাই

এক নজরে পঃ কঃ সহকারীর অগ্রিম কর্মসূচীর অবস্থা
তৃতীয় অংশ

পঃ কঃ সহকারীর অনুমোদিত মাসিক অগ্রিম কর্মসূচী

পঃ কঃ সহকারীর তারিখ ভিত্তিক অনুমোদিত মাসিক অগ্রিম কর্মসূচী

পঃ কঃ সহকারীর অগ্রিম কর্মসূচীর অগ্রগতির অবস্থা

পঃ কঃ সহকারীর তারিখ ভিত্তিক অগ্রিম কর্মসূচীর অগ্রগতির অবস্থা

অন্যান্য কার্যক্রম
চতুর্থ অংশ

পঃ পঃ পরিদর্শকের মাসিক অগ্রিম কর্মসূচী প্রণয়ন

পঃ পঃ পরিদর্শকের অগ্রিম কর্মসূচী অনুযায়ী মাসিক অগ্রগতি

বোঝার সুবিধার্থে, প্রথম অংশের বিস্তারিত বিবরণ ম্যানুয়ালের শেষ অংশে বর্ণনা করা হয়েছে।


দ্বিতীয়  

---

অংশ

## তদারকি কার্যক্রম

এই অংশে পরিবার পরিকল্পনা পরিদর্শকের তদারকি কার্যক্রম নিয়ে বিস্তারিত বর্ণনা করা হয়েছে। পরিবার পরিকল্পনা পরিদর্শকগণ মূলত পরিবার কল্যাণ সহকারীদের কাজের তত্ত্বাবধান করে থাকেন। এই তদারকি কার্যক্রমে একজন পরিবার পরিকল্পনা পরিদর্শক তিন ধরনের কাজ করে থাকেন - ১) পরিবার কল্যাণ সহকারীর মাসিক অগ্রিম কর্মসূচি অনুমোদন ২) পরিবার কল্যাণ সহকারীর মাসিক কার্যক্রম তদারকি ৩) পরিবার কল্যাণ সহকারীর সংগৃহীত তথ্য যাচাই।




পরিবার কল্যাণ সহকারীগণ বাড়ি পরিদর্শনের সময় প্রয়োজনীয় সামগ্রী সঙ্গে নিয়েছে কিনা, তা মিলিয়ে দেখার পাশাপাশি তাদের সংগ্রহ করা তথ্য সঠিক আছে কিনা তাও যাচাই করে থাকেন। এছাড়াও পরিবার পরিকল্পনা পরিদর্শকগণ তার অধীনস্থ পরিবার কল্যাণ সহকারীগণের পরবর্তী মাসের অগ্রিম কর্মসূচি যাচাই সাপেক্ষে অনুমোদন করেন।


### পরিবার কল্যাণ সহকারীর মাসিক অগ্রিম কর্মসূচি অনুমোদন

প্রত্যেক মাসের শেষের দিকে পরিবার কল্যাণ সহকারীগণ পরবর্তী মাসের অগ্রিম কর্মসূচি প্রণয়ন করেন এবং তা অনুমোদনের জন্য পরিবার পরিকল্পনা পরিদর্শকগণের কাছে প্রেরণ করেন। পরিবার পরিকল্পনা পরিদর্শকগণ সেই অগ্রিম কর্মসূচি যাচাই করে অনুমোদন দেন এবং প্রয়োজনীয় ক্ষেত্রে সংশোধনের পরামর্শ দিয়ে থাকেন।

পরিবার কল্যাণ সহকারীর পরবর্তী মাসিক কর্মসূচি অনুমোদন করতে তদারকি কার্যক্রম অংশের পরিবার কল্যাণ সহকারীর মাসিক অগ্রিম কর্মসূচি অনুমোদন বাটনে টাচ করতে হবে। এতে পরিবার কল্যাণ সহকারীগণের প্রেরিত মাসিক অগ্রিম কর্মসূচি দেখা যাবে।



টাচ করার পর প্রথমেই পরিবার কল্যাণ সহকারীগণের অগ্রিম কর্মসূচি মাস সিলেক্ট করার জন্য একটি বক্স আসবে। সেখানে একটি মাস আগে থেকেই দেওয়া থাকবে। তবে আপনি যে মাসের অগ্রিম কর্মসূচি দেখতে চান তা ড্রপডাউন থেকে সিলেক্ট করে দিতে পারবেন।



অগ্রিম কর্মসূচির মাস সিলেক্ট করে দেওয়ার পর আপনার ইউনিয়নের সকল পরিবার কল্যাণ সহকারীদের তালিকা এবং কর্মসূচির স্ট্যাটাস সম্বলিত (অপেক্ষাধীন, এখনও প্রেরণ করেননি, এবং অনুমোদিত) একটি স্ক্রিন আসবে। মনে করুন আপনি ২০১৮ সালের মার্চ মাসের অগ্রিম কর্মসূচি অনুমোদনের অবস্থা দেখতে চান। এই জন্য আপনি অগ্রিম কর্মসূচির মাসে “মার্চ ২০১৮” সিলেক্ট করে দিলেন। এখন আপনি মার্চ ২০১৮ তে আপনার পঃকঃ সহকারীদের অগ্রিম কর্মসূচি অনুমোদনের অবস্থা দেখতে পারবেন। মার্চ মাসে আপনার যে চারজন কর্মী আছে, তাদের তিনজন কর্মসূচি প্রেরণ করেছে, কিন্তু আপনি এখনো অনুমোদন করেন নি আর একজন কর্মসূচি প্রেরণ করেছেন এবং আপনি তা অনুমোদন দিয়েছেন।



| নাম                           | ইউনিয়ন    | ইউনিট            | স্ট্যাটাস  |
|-------------------------------|------------|------------------|------------|
| Most. Ferdosi Khatun (693124) | 29 - ছাতনী | 6 - ২ক           | অপেক্ষাধীন |
| Basanti Rani (693120)         | 29 - ছাতনী | 7 - ২খ           | অনুমোদিত   |
| Nasrina Khatun (693136)       | 29 - ছাতনী | 10 - ৩ক, 12 - ৩গ | অপেক্ষাধীন |
| Most. Delowar (693123)        | 29 - ছাতনী | 3 - ১খ, 2 - ১ক   | অপেক্ষাধীন |

এখন আপনি যদি পরিবার কল্যাণ সহকারীদের প্রেরণকৃত অগ্রিম কর্মসূচি অনুমোদন করতে চান তাহলে তার নামের উপরে টাচ করুন। মনে করুন, উপরে যে কর্মীর তালিকা আছে তাদের মধ্যে নাসরিনা খাতুনের (Nasrina Khatun) অগ্রিম কর্মসূচি অনুমোদন করতে চান। এক্ষেত্রে নাসরিনা খাতুনের নামের উপরে টাচ করলে নিম্নের স্ক্রিনটি দেখা যাবে।

← অগ্রিম কর্মসূচী অনুমোদন
✕

পরিবার কল্যাণ সহকারীর মাসিক অগ্রিম কর্মসূচী অনুমোদন

পঃ কঃ সহকারীর নাম 693136 - Nasrina Khatun

কর্ম এলাকা 10-ওক, 12-ওগ

কর্মসূচীর মাস 03 - March - 2018

কর্মসূচীর অবস্থা কাজের স্বার্থে অগ্রিম কর্মসূচী পরিবর্তন /পরিবর্ধন হতে পারে ।

| তারিখ এবং বার            | কর্মসূচী   |
|--------------------------|--|
| 01/03/2018 - বৃহস্পতিবার | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসে মাসিক সভা  |
| 03/03/2018 - শনিবার      | দম্পতি পরিদর্শন - ইউনিট:10 - ওক, গ্রাম: রায় আমহাটি, দম্পতি নম্বর: (51 - 6566), ই পি আই কার্যক্রমে অংশগ্রহন, 1.দম্পতি পরিদর্শন - ইউনিট: 10 - ওক, গ্রাম: রায় আমহাটি, দম্পতি নম্বর: (51 - 6566) |
| 04/03/2018 - রবিবার      | কমিউনিটি ক্লিনিকে সেবা প্রদান, অগ্রিম কর্মসূচী প্রণয়ন   |
| 05/03/2018 - সোমবার      | দম্পতি পরিদর্শন - ইউনিট:10 - ওক, গ্রাম: কালিকাপুর  |

অনুমোদিত

অননুমোদিত

এখন নাসরিনা খাতুনের মাসিক অগ্রিম কর্মসূচি দেখে মনে হল, কোন পরিবর্তন করার দরকার নেই, অনুমোদন করা যেতে পারে। সেখানে নীচের দিকে কেবল অনুমোদিত অংশে টাচ করলেই তা অনুমোদিত হয়ে যাবে। অনুমোদিত অংশে টাচ করার পর সতর্কতামূলক একটা মেসেজ দেখাবে। যা OK করলে চূড়ান্তভাবে মাসিক অগ্রিম কর্মসূচি অনুমোদিত হয়ে যাবে।

অগ্রিম কর্মসূচি অনুমোদন হবার পর তারিখ সহ অনুমোদিত হয়েছে, তা দেখা যাবে।

অনুমোদন কার্যক্রম

অনুমোদিত হয়েছে

OK

|                          |  |
|--------------------------|--|
| 04/04/2018 - বুধবার      | পরিবার পরিকল্পনা ক্যাম্প এ ক্লাইন্ট নিয়ে যাওয়া |
| 05/04/2018 - বৃহস্পতিবার | ছুটি: সরকারী ছুটি                                |

অনুমোদিত  
01/04/2018


এছাড়াও আপনি যদি মনে করেন, কোন পরিবার কল্যাণ সহকারীর প্রেরণ করা অগ্রিম কর্মসূচির কিছু অংশ পরিবর্তন কিংবা সংশোধন করা প্রয়োজন, তাহলে প্রথমে আপনাকে অননুমোদিত বাটনে টাচ করতে হবে।

কর্মসূচীর অবস্থা কাজের স্বার্থে অগ্রিম কর্মসূচী পরিবর্তন /পরিবর্ধন হতে পারে ।

| তারিখ এবং বার            | কর্মসূচী   |
|--------------------------|--|
| 01/04/2018 - রবিবার      | কমিউনিটি ক্লিনিকে সেবা প্রদান                    |
| 02/04/2018 - সোমবার      | স্যাটেলাইট ক্লিনিকে উপস্থিত থাকা                 |
| 03/04/2018 - মঙ্গলবার    | ই পি আই কার্যক্রমে অংশগ্রহন                      |
| 04/04/2018 - বুধবার      | পরিবার পরিকল্পনা ক্যাম্প এ ক্লাইন্ট নিয়ে যাওয়া |
| 05/04/2018 - বৃহস্পতিবার | ছুটি: সরকারী ছুটি                                |

অনুমোদিত

অননুমোদিত




অননুমোদিত বাটনে টাচ করার পর নিম্নরূপ একটি স্ক্রিন দেখা যাবে। তাতে একটি সতর্কতামূলক বার্তা থাকবে। আপনার কাছে তা গ্রহণযোগ্য হলে হ্যাঁ বাটনে টাচ করুন।

অননুমোদন কার্যক্রম

আপনি কি অগ্রিম কর্মসূচী পরিবর্তন সাপেক্ষে অননুমোদন করতে চান ?

CANCEL হ্যাঁ




হ্যাঁ বাটনে টাচ করার পর উক্ত পরিবার কল্যাণ সহকারীর সম্পূর্ণ মাসের অগ্রিম কর্মসূচি দেখতে পারবেন, যেখানে “পরিবর্তন দরকার” নামে নতুন একটি বাটন থাকবে। আপনি পরিবার কল্যাণ সহকারীর যে যে তারিখের অগ্রিম কর্মসূচি পরিবর্তন করতে চান, সেই সব তারিখে গিয়ে তার “পরিবর্তন দরকার” বাটনে টাচ করুন। এতে উক্ত তারিখের কর্মসূচিগুলো বাতিল বলে গণ্য হবে।

কর্মসূচীর অবস্থা কাজের স্বার্থে অগ্রিম কর্মসূচী পরিবর্তন /পরিবর্তন হতে পারে ।

| তারিখ এবং বার         | কর্মসূচী  |
|-----------------------|---|
| 01/04/2018 - রবিবার   | কমিউনিটি ক্লিনিকে সেবা প্রদান<br>FWA অগ্রিম কর্মসূচী পরিবর্তন করতে হবে    |
|                       | বাতিল   |
| 02/04/2018 - সোমবার   | স্যাটেলাইট ক্লিনিকে উপস্থিত থাকা<br>FWA অগ্রিম কর্মসূচী পরিবর্তন করতে হবে |
|                       | বাতিল   |
| 03/04/2018 - মঙ্গলবার | ই পি আই কার্যক্রমে অংশগ্রহণ   |
|                       | পরিবর্তন দরকার  |
| 04/04/2018 - বধবার    | পরিবার পরিকল্পনা ক্যাম্প এ ক্রাইস্ট নিয়ে যাওয়া                          |


অনুমোদিত


অননুমোদিত  
01/04/2018



আপনি যদি ভুলক্রমে কোন তারিখের “পরিবর্তন দরকার” পরিবর্তন দরকার বাটনে টাচ করে ফেলেন, সেই ক্ষেত্রেও তা বাতিল করতে পারবেন। এক্ষেত্রে বাতিল বাতিল বাটনে টাচ করে

অনিচ্ছাকৃত এই পরিবর্তন সংশোধন করতে পারবেন। সব শেষ “SUBMIT” বাটনে টাচ করুন।

| কর্মসূচীর অবস্থা কাজের স্বার্থে অগ্রিম কর্মসূচী পরিবর্তন /পরিবর্তন হতে পারে ।              |  |
|--|--|
| তারিখ এবং বার  | কর্মসূচী   |
| 01/04/2018 - রবিবার  | কমিউনিটি ক্লিনিকে সেবা প্রদান                    |
| FWA অগ্রিম কর্মসূচী পরিবর্তন করতে হবে  | বাতিল  |
| 02/04/2018 - সোমবার  | স্যাটেলাইট ক্লিনিকে উপস্থিত থাকা                 |
| FWA অগ্রিম কর্মসূচী পরিবর্তন করতে হবে  | বাতিল  |
| 03/04/2018 - মঙ্গলবার  | ই পি আই কার্যক্রমে অংশগ্রহন                      |
|  | পরিবর্তন দরকার                                   |
| 04/04/2018 - বধবার   | পরিবার পরিকল্পনা ক্যাম্প এ ক্লাইন্ট নিয়ে যাওয়া |
| অনুমোদিত   | অননুমোদিত<br>01/04/2018                          |
| SUBMIT  |  |

এ কাজ সমাপ্ত হলে পরিবার কল্যাণ সহকারীগণ তাদের কর্মসূচিগুলোর যে পরিবর্তন করতে হবে সে বিষয়ে তার রেজিস্টারে বার্তা পাবেন। **SUBMIT** বাটনে টাচ করার পর আপনি যে যে তারিখের কর্মসূচি পরিবর্তন করার পরামর্শ দিয়েছেন সেই তারিখের কর্মসূচিগুলো আপনি আর দেখতে পারবেন না। পরিবার কল্যাণ সহকারী আপনার পরিবর্তন করা কর্মসূচিগুলো তার ট্যাবে হলুদ কালার হয়ে অগ্রিম কর্মসূচি পরিবর্তন করা দরকার লেখা দেখতে পাবে। তখন ঐ পরিবার কল্যাণ সহকারী তার অগ্রিম কর্মসূচি পরিবর্তন করে পুনরায় প্রেরণ করবেন তখন আপনার ট্যাবে পূর্বের ন্যায় অপেক্ষাধীন হিসেবে প্রদর্শিত হবে। তখন আপনি যদি পরিবার কল্যাণ সহকারীর প্রেরণকৃত অগ্রিম কর্মসূচি অনুমোদন করতে চান তাহলে পূর্বের ন্যায় তার নামের উপরে টাচ করতে হবে এবং নিচে  বাটনে টাচ করলেই অগ্রিম কর্মসূচিটি অনুমোদিত বলে গণ্য হবে।



## পরিবার কল্যাণ সহকারীর মাসিক কার্যক্রম তদারকি

পরিবার কল্যাণ সহকারীগণ মাঠ পার্যায়ে খানা বা দম্পতি পরিদর্শনের সময় পরিবার পরিকল্পনা পরিদর্শকগণ তার অগ্রিম কর্মসূচিতে ভিজিট করবেন বলে কর্মসূচি ঠিক করেন। পরিবার পরিকল্পনা পরিদর্শক তার তদারকি কর্মসূচি পালন করার জন্য পরিবার কল্যাণ সহকারীর মাসিক কার্যক্রম তদারকি অংশে টাচ করতে হবে।

| তদারকি কার্যক্রম                            |                                      | দ্বিতীয় অংশ                     |
|---|--------------------------------------|----------------------------------|
| পঃ কঃ সহকারীর মাসিক অগ্রিম কর্মসূচী অনুমোদন | পঃ কঃ সহকারীর মাসিক কার্যক্রম তদারকি | পঃ কঃ সহকারীর সংগৃহীত তথ্য যাচাই |

তারপর

আপনি যে পরিবার কল্যাণ সহকারীকে যে তারিখে ভিজিট করবেন সেই তারিখ ক্যালেন্ডার থেকে সিলেক্ট করবেন। আপনি যাকে ভিজিট করবেন তার নাম ড্রপ-ডাউন থেকে সিলেক্ট করবেন এবং কর্মীর ইউনিট এবং গ্রাম সিলেক্ট করবেন।

← পঃ কঃ সহকারীর মাসিক কার্যক্রম তদারকি
✕

পূর্বের ভিজিট

নতুন পরিদর্শনের তথ্য নিতে এখানে ক্লিক করুন

|                             |                     |           |
|-----------------------------|---------------------|-----------|
| পরিদর্শনের তারিখ *          | 29/03/2018          | Apr<br>21 |
| পরিবার কল্যাণ সহকারীর নাম * | 093055 - Asma Akter |           |
| ইউনিট নম্বর *               | 11 - ৩খ             |           |
| গ্রাম *                     | 0191 - আগধল্লা      |           |

এছাড়াও কর্মী অগ্রিম কর্মসূচির কোন পর্যায়ে আছে, তা (সঠিক/ আগে/ পিছনে) সিলেক্ট করতে পারবেন।

|  |                  |
|--|------------------|
| কর্মী অগ্রিম কর্মসূচীর কোন পর্যায়ে *          | --সিলেক্ট করুন-- |
| বাড়ি পরিদর্শনের সময় প্রয়োজনীয় সামগ্রী সংগে | 01 - সঠিক        |
| ব্যাগ  | 02 - আগে         |
|  | 03 - পিছনে       |

একজন পরিবার কল্যাণ সহকারী বাড়ী পরিদর্শনের সময় প্রয়োজনীয় সামগ্রী সঙ্গে নেয় কিনা তার একটা তালিকা প্রদর্শিত হবে। সেখানে যে যে জিনিস গুলো কর্মীর সাথে আছে ,কিংবা নাই, তা পর্যবেক্ষণ সাপেক্ষে রেডিও বাটনে হ্যাঁ অথবা না সিলেক্ট করুন।

| বাড়ি পরিদর্শনের সময় প্রয়োজনীয় সামগ্রী সঙ্গে নেয় কিনা                |  |
|--|--|
| ব্যাগ  | <input type="radio"/> 1-হ্যাঁ <input type="radio"/> 2-না |
| ট্যাবলেট পিসি  | <input type="radio"/> 1-হ্যাঁ <input type="radio"/> 2-না |
| জন্ম নিয়ন্ত্রন বডি  | <input type="radio"/> 1-হ্যাঁ <input type="radio"/> 2-না |
| কনডম   | <input type="radio"/> 1-হ্যাঁ <input type="radio"/> 2-না |
| ইঞ্জেক্টেবল  | <input type="radio"/> 1-হ্যাঁ <input type="radio"/> 2-না |
| মিসোপ্রস্টল বডি  | <input type="radio"/> 1-হ্যাঁ <input type="radio"/> 2-না |
| মাঠকর্মী সহায়িকা  | <input type="radio"/> 1-হ্যাঁ <input type="radio"/> 2-না |
| ফ্ল্যাশ কার্ড  | <input type="radio"/> 1-হ্যাঁ <input type="radio"/> 2-না |
| <input type="button" value="SAVE"/> <input type="button" value="RESET"/> |  |

তারপর **SAVE** বাটন টাচ করলে **SAVE** হবে। যদি ফরমটি পূরণ করার পরও আবার নতুন করে কাজ শুরু করার প্রয়োজন হয়, তবে সেই ক্ষেত্রে **RESET** বাটনে ক্লিক করে আবারো নতুন করে শুরু করা যাবে।

## পরিবার কল্যাণ সহকারীর সংগৃহীত তথ্য যাচাই

পরিবার কল্যাণ সহকারীর সংগৃহীত তথ্য যাচাই করার জন্য পরিবার পরিকল্পনা পরিদর্শকের তদারকি কার্যক্রম অংশে পঃ কঃ সহকারীর সংগৃহীত তথ্য যাচাই অংশে টাচ করতে হবে।

| তদারকি কার্যক্রম                            |                                      | দ্বিতীয় অংশ                     |
|---|--------------------------------------|----------------------------------|
| পঃ কঃ সহকারীর মাসিক অগ্রিম কর্মসূচী অনুমোদন | পঃ কঃ সহকারীর মাসিক কার্যক্রম তদারকি | পঃ কঃ সহকারীর সংগৃহীত তথ্য যাচাই |



তখন পরিবার পরিকল্পনা পরিদর্শকের অধীনে যেসব পরিবার কল্যাণ সহকারী আছেন তাদের নাম ড্রপডাউন লিস্ট থেকে সিলেক্ট করতে হবে।


|                   |                   |
|-------------------|-------------------|
| পঃ কঃ সহকারীর নাম | --সিলেক্ট করুন -- |
|-------------------|-------------------|

পরিবার কল্যাণ সহকারীর নাম সিলেক্ট করার পর নিচে পরিবার কল্যাণ সহকারীর কাজের মেনু তালিকা আসবে। পরিবার পরিকল্পনা পরিদর্শক পরিবার কল্যাণ সহকারীর তিন ধরনের কাজের তথ্য যাচাই করতে পারবেন। যেমন, জনসংখ্যা নিবন্ধন, দম্পতি, মা ও নবজাতক।


|                   |                                |             |
|-------------------|--------------------------------|-------------|
| পঃ কঃ সহকারীর নাম | 693002 - Arifa Khatun          |             |
| পরিদর্শনের তারিখ  | 22/05/2019 <span>Apr 21</span> |             |
| জনসংখ্যা নিবন্ধন  | দম্পতি                         | মা ও নবজাতক |

## জনসংখ্যা নিবন্ধণ

যদি জনসংখ্যা নিবন্ধনের তথ্য যাচাই করতে চান, তাহলে জনসংখ্যা নিবন্ধন অংশে টাচ করুন।



টাচ করার পর সেই পঃ কঃ সহকারীর কর্ম এলাকার জনসংখ্যা নিবন্ধের তথ্য তথা খানা সদস্যর তথ্য ডাউনলোড করতে পারবেন। নিম্নের স্ক্রিনের মত দুই ধরনের অবস্থায় খানা সদস্যর তথ্য ডাউনলোড করতে পারবেন। যদি কর্মীর কোন গ্রামের তথ্য প্রথম বারের মত ডাউনলোড করতে চান, তাহলে “প্রয়োজনমত ডাউনলোড” বাটনে টাচ করুন।



“প্রয়োজনমত ডাউনলোড” বাটনে টাচ করার পর পঃকঃ সহকারীর ইউনিট, গ্রাম এবং খানা নং এর রেঞ্জ সিলেক্ট করে দিন।

তারপরে একেবারে নীচের দিকে এই বাটনে টাচ করুন।

জনসংখ্যা নিবন্ধনের তথ্য

সেবা প্রদানকারীর নাম:


ইউনিট:

গ্রাম:

খানা নং:  থেকে

জনসংখ্যার তথ্য **DOWNLOAD** করতে এখানে **CLICK** করুন


খানা সদস্যর তথ্য ডাউনলোড বাটনে টাচ করার পর অপেক্ষা করুন লেখা একটি স্ক্রিন দেখতে পাবেন। আপনার এলাকার ইন্টারনেট নেটওয়ার্কের উপর ভিত্তি করে সময় কম বেশি হতে পারে।



মাঝগ্রাম এলাকার জনসংখ্যা নিবন্ধনের তথ্য ডাউনলোডিং শুরু হবে। তথ্য ডাউনলোড হতে সময় লাগতে পারে, অপেক্ষা করুন। উক্ত গ্রামে পরিবার কল্যাণ সহকারী পূর্বে যে তথ্য সংগ্রহ করেছেন তা আপনার রেজিস্টারে চলে আসবে। **ডাউনলোড** শেষে কি পরিমাণ তথ্য আপনার রেজিস্টারে এসেছে তা আপনি পরবর্তী স্ক্রিন থেকে সহজেই জানতে পারবেন। নিম্নের স্ক্রিনে দেখা যাচ্ছে মাঝগ্রাম এলাকায় মোট ২৭৭ টি খানার তথ্য **ডাউনলোড** হয়েছে।

| জনসংখ্যা নিবন্ধন  | দম্পতি | মা ও নবজাতক |
|---|--------|-------------|
| মৌজা: (253 - চুরামনবাটি)    খানা:(277)<br>গ্রাম: (1 - মাঝগ্রাম) |        |             |

এখন আপনি যদি মাঝগ্রাম এলাকার খানার তথ্য বিস্তারিত দেখতে চান, তাহলে মাঝগ্রাম এলাকার উপরে টাচ করুন।

|   |        |             |
|---|--------|-------------|
| জনসংখ্যা নিবন্ধন  | দম্পতি | মা ও নবজাতক |
| মৌজা: (253 - চুরামনবাটি) খানা:(277) <br>গ্রাম: (1 - মাঝগ্রাম) |        |             |

টাচ করলে সেই গ্রামে খানা নম্বর অনুযায়ী খানা প্রধান ও অন্যান্য সদস্যদের নাম দেখা যাবে।

← খানার তালিকা ✕

গ্রামঃ 253-1, মাঝগ্রাম খানা রেনডমলী সিলেক্ট করুন %  
 সর্বমোট খানাঃ 277

🔍 অনুসন্ধান করুন: খানা নং/খানা প্রধান/স্ত্রীর/স্বামীর নাম দিয়ে


|            |  |             |              |
|------------|--|-------------|--------------|
| খানা নম্বর | 10001  | খানা প্রধান | JOBEDA BEGUM |
| দম্পতি     | BULBULI BEGUM ( ABDUL HAMID ), SONIA AKTER ( ABDUL KADER ), ARIFA KHATUN ( AL AMIN ) |             |              |
| মোট সদস্য  | 11   |             |              |
| খানা নম্বর | 10002  | খানা প্রধান | SHAHADOT     |
| দম্পতি     | JARINA ( SHAHADOT )  |             |              |
| মোট সদস্য  | 4  |             |              |

স্ক্রিনের ডান কোনায় জনসংখ্যা তথ্য রেন্ডমলি (দৈব চয়নের ভিত্তিতে) যাচাই করার সুযোগ দেয়া আছে। নিম্নের স্ক্রিনের মত যে কোন একটি অপশন সিলেক্ট করতে পারবেন।

গ্রামঃ 253-1, মাঝগ্রাম খানা রেনডমলী সিলেক্ট করুন %  
 সর্বমোট খানাঃ 277

🔍 অনুসন্ধান করুন: খানা নং/খানা প্রধান

5  
 10  
 20



মারগ্রামে মোট খানা আছে ২৭৭। যদি রেন্ডমলি ২০% সিলেক্ট করি তাহলে নিম্নের স্ক্রিনের মত খানা দেখাবে ৫৬। এখন এই খানাগুলোর তথ্য আপনার যাচাইয়ের জন্য নির্ধারণ করা হয়েছে।

← খানার তালিকা ✕

গ্রামঃ 253-1, মারগ্রাম 20 %  
 সর্বমোট খানাঃ 56

🔍 অনুসন্ধান করুন: খানা নং/খানা প্রধান/স্ত্রীর/স্বামীর নাম দিয়ে

|            |                                      |             |                |
|------------|--------------------------------------|-------------|----------------|
| খানা নম্বর | 10003                                | খানা প্রধান | NURMOHOMAD     |
| দম্পতি     | JAHANARA BEGUM ( NURMOHOMAD )        |             |                |
| মোট সদস্য  | 6                                    |             |                |
| খানা নম্বর | 10006                                | খানা প্রধান | MD NIZAM UDDIN |
| দম্পতি     | MST AFROZA KHATUN ( MD NIZAM UDDIN ) |             |                |
| মোট সদস্য  | 4                                    |             |                |

তথ্য যাচাইয়ের উদ্দেশ্যে সেই লিস্ট থেকে আপনি যে খানার তথ্য দেখতে চান সেই খানাটি টাচ করুন। উপরের তালিকার ১০০০৩ নং খানার উপরে টাচ করুন।

← সদস্যের বিভিন্ন তথ্য যাচাই ✕

গ্রামঃ 253-1, মারগ্রাম খানা নম্বর 10003

খানার বর্তমান অবস্থা  সঠিক  সঠিক না

SAVE

সঠিক হলে সঠিক সিলেক্ট করুন। SAVE বাটনে টাচ করার পর খানার সকল সদস্যর বিভিন্ন তথ্য যাচাইয়ের জন্য নিম্নের ছবির মত একটি স্ক্রিন আসবে।

কিছু সাধারণ তথ্য এবং খানার সদস্যদের নামের তালিকা দেখা যাবে। ইপি আই সাব ব্লক, স্থায়ী ঠিকানা এবং ধর্ম যাচাই করার পর **SAVE** বাটনে টাচ করুন।

← সদস্যের বিভিন্ন তথ্য যাচাই
✕

গ্রামঃ 253-1, মাঝগ্রাম    খানা নম্বর    10003

খানার বর্তমান অবস্থা     সঠিক     সঠিক না

ইপিআই সাব ব্লক    ঘ-১     সঠিক     সঠিক না

১. এটা কি আপনার স্থায়ী ঠিকানা  
 হ্যাঁ     না     সঠিক     সঠিক না

২. ধর্ম    ইসলাম     সঠিক     সঠিক না

আর্থ-সামাজিক অবস্থা

| সদস্য নং | নাম                 | সম্পর্ক | জন্ম তারিখ | বয়স    | বয়স |
|----------|---------------------|---------|------------|---------|------|
|          | 1    NURMOHOMAD     | 1       | 10/05/1965 | 54(বছর) |      |
|          | 2    JAHANARA BEGUM | 2       | 24/02/1969 | 50(বছর) | অ    |
|          | 3    TARA BEGUM     | 4       | 19/04/1939 | 80(বছর) |      |
|          | 4    MORIYOM        | 3       | 04/06/1985 | 34(বছর) |      |
|          | 5    PURNIMA        | 8       | 25/06/2009 | 10(বছর) |      |
|          | 6    RAJU           | 3       | 25/02/2000 | 19(বছর) | অ    |

আর্থ-সামাজিক অবস্থা যাচাই করার জন্য আর্থ-সামাজিক অবস্থা বাটনে টাচ করুন।

আর্থ-সামাজিক অবস্থা



আর্থ-সামাজিক অবস্থা বাটনে টাচ করার পর নিম্নরূপ একটা স্ক্রিন আসবে। যেখানে খানার যাবতীয় আর্থ-সামাজিক তথ্যাবলী যাচাই করতে পারবেন।

← আর্থ-সামাজিক অবস্থার তদারকি
✕

খানা নম্বর

আর্থ সামাজিক তথ্যাদি 

1-সঠিক
  2-সঠিক না

১. আপনার খানার সদস্যদের খাবার পানি পান করার প্রধান উৎস কি ?
 

1-সঠিক
  2-সঠিক না


২. এ খানার সদস্যরা সাধারণত কোন ধরনের পায়খানা ব্যবহার করে ?
 

1-সঠিক
  2-সঠিক না

৩. আপনার খানায় বা খানার কোন সদস্যের নিম্নে বর্ণিত জিনিস গুলো আছে কি?

|                |   |                              |                                 |
|----------------|---|------------------------------|---------------------------------|
| a. বিদ্যুৎ     | <input checked="" type="radio"/> 1-হ্যাঁ <input type="radio"/> 2-না | <input type="radio"/> 1-সঠিক | <input type="radio"/> 2-সঠিক না |
| b. সৌর বিদ্যুৎ | <input type="radio"/> 1-হ্যাঁ <input checked="" type="radio"/> 2-না | <input type="radio"/> 1-সঠিক | <input type="radio"/> 2-সঠিক না |
| c. রেডিও       | <input checked="" type="radio"/> 1-হ্যাঁ <input type="radio"/> 2-না | <input type="radio"/> 1-সঠিক | <input type="radio"/> 2-সঠিক না |
| d. টেলিভিশন    | <input checked="" type="radio"/> 1-হ্যাঁ <input type="radio"/> 2-না | <input type="radio"/> 1-সঠিক | <input type="radio"/> 2-সঠিক না |

এখান থেকে যেসব তথ্য আপনার পর্যবেক্ষণে সঠিক তার জন্য ‘সঠিক’ এবং যেসব তথ্য সঠিক নয় তার জন্য ‘সঠিক না’ বাটন টাচ করুন। খেয়াল রাখুন, প্রতিটি প্রশ্নের উত্তর প্রদান করতে হবে। তার অন্যথা হলে **SAVE** করা যাবে না। কোন প্রশ্নের উত্তর যদি ফাঁকা থাকে তাহলে সেটার জন্য সতর্ক বার্তা প্রদান করা হবে।




এভাবে পরিবার কল্যাণ সহকারীর সংগ্রহ করা সকল আর্থ- সামাজিক তথ্যাবলী যাচাই শেষ হলে **SAVE** বাটনে টাচ করুন। তথ্য সেভ হয়ে যাবে।

এরপর খানার যে কোন সদস্যের তথ্য সঠিক আছে কিনা তা যাচাই করতে হলে ঐ সদস্যের নামের মধ্যে টাচ করতে হবে।

| আর্থ-সামাজিক অবস্থা |                  | সিলেক্ট করুন |            |         |      |
|---------------------|------------------|--------------|------------|---------|------|
| সদস্য নং            | নাম              | সম্পর্ক      | জন্ম তারিখ | বয়স    | বয়স |
|                     | 1 NURMOHOMAD     | 1            | 10/05/1965 | 54(বছর) |      |
|                     | 2 JAHANARA BEGUM | 4            | 24/02/1969 | 50(বছর) | অ    |
|                     | 3 TARA BEGUM     | 4            | 19/04/1939 | 80(বছর) |      |
|                     | 4 MORIYOM        | 3            | 04/06/1985 | 34(বছর) |      |
|                     | 5 PURNIMA        | 8            | 25/06/2009 | 10(বছর) |      |
|                     | 6 RAJU           | 3            | 25/02/2000 | 19(বছর) | অ    |

তখন জনসংখ্যা নিবন্ধনের তদারকি ছক সম্বলিত নিম্নের স্ক্রিনটি আসবে। জনসংখ্যা নিবন্ধনের তদারকি ছকে টাচ করুন।



জনসংখ্যা নিবন্ধনের তদারকি ছকে টাচ করার পর উক্ত সদস্যর সকল তথ্য সম্বলিত নিম্নের স্ক্রিনটি দেখা যাবে।

← খানা / সদস্যের তথ্য যাচাই
✖

Health ID  91059350866

| খানার সদস্যের তথ্য   | সিরিয়াল নম্বর  |
|--|---|
| ১. নাম(ইংরেজি) *   | 1   |
| <input style="width: 100%;" type="text" value="NURMOHOMAD"/>           | <input type="radio"/> সঠিক<br><input type="radio"/> সঠিক না                             |
| ২. খানা প্রধানের সাথে সম্পর্ক *  |   |
| <input style="width: 100%;" type="text" value="01-নিজেই খানা প্রধান"/> | <input type="radio"/> সঠিক<br><input type="radio"/> সঠিক না                             |
| ৩. জাতীয় পরিচয় পত্র নম্বর *  |   |
| <input style="width: 100%;" type="text" value="6919163826360"/>        | <input type="checkbox"/> <input type="radio"/> সঠিক<br><input type="checkbox"/> সঠিক না |
| ৪. জন্ম নিবন্ধন নম্বর *  |   |
| <input style="width: 100%;" type="text" value="19666919163018703"/>    | <input type="checkbox"/> <input type="radio"/> সঠিক<br><input type="checkbox"/> সঠিক না |
| ৫. মোবাইল নম্বর-১  |   |
| <input style="width: 100%;" type="text" value="01780793238"/>          | <input type="checkbox"/> <input type="radio"/> সঠিক<br><input type="checkbox"/> সঠিক না |
| মোবাইল নম্বর-২   |   |
| <input style="width: 100%;" type="text"/>                              | <input type="checkbox"/> <input type="radio"/> সঠিক                                     |

এখানে যে কোন তথ্য সঠিক আছে কিনা সেটা দেখে 'সঠিক' অথবা 'সঠিক না' সিলেক্ট করতে


হবে। সবশেষে SAVE বাটন টাচ করে **SAVE** করতে হবে।

## দম্পতি

দম্পতি নিবন্ধনের তথ্য যাচাই করতে হলে দম্পতি বাটনে টাচ করতে হবে।



বাটনে টাচ করার পর নিম্নরূপ একটি স্ক্রীন দেখবেন। যেখানে আপনি পঃ কঃ সহকারীর যে গ্রামের দম্পতি যাচাই করতে যাবে তা নির্ধারণ করুন। যদি প্রথম বার দম্পতি তথ্য যাচাই করতে চান, তাহলে প্রয়োজনমত ডাউনলোড বাটনে টাচ করুন।



“প্রয়োজনমত ডাউনলোড” বাটনে টাচ করার পর পঃকঃ সহকারীর ইউনিট, গ্রাম এবং খানা নং এর রেঞ্জ সিলেক্ট করে দিন।

তারপরে একেবারে নীচের দিকে এই বাটনে টাচ করুন।

**দম্পতির তথ্য**

সেবা প্রদানকারীর নাম:

ইউনিট:  ▼


গ্রাম:  ▼

দম্পতি নং:  থেকে

দম্পতির তথ্য **DOWNLOAD** করতে এখানে **CLICK** করুন



দম্পতির তথ্য ডাউনলোড বাটনে টাচ করার পর অপেক্ষা করুন লেখা একটি স্ক্রিন আসবে (নিম্নে দেখুন)। আপনার এলাকার ইন্টারনেট নেটওয়ার্কের উপর ভিত্তি করে সময় কম বেশি লাগতে পারে।



মাঝগ্রাম এলাকার দম্পতি নিবন্ধনের তথ্য ডাউনলোডিং শুরু হবে। তথ্য ডাউনলোড হতে সময় লাগতে পারে, অপেক্ষা করুন। অর্থাৎ উক্ত গ্রামে পরিবার কল্যাণ সহকারী পূর্বে যে দম্পতির তথ্য সংগ্রহ করেছেন তা আপনার রেজিস্টারে চলে আসবে। **ডাউনলোড** শেষে কি পরিমান তথ্য আপনার রেজিস্টারে এসেছে তা আপনি পরবর্তী স্ক্রিন থেকে সহজেই জানতে পারবেন। নিম্নের স্ক্রিনে দেখা যাচ্ছে মাঝগ্রাম এলাকায় মোট ২৮৫ টি নিবন্ধিত সেবা প্রাপ্ত দম্পতির তথ্য **ডাউনলোড** হয়েছে।

← দম্পতি ছক মোট নিবন্ধিত সেবাপ্রাপ্ত দম্পতির সংখ্যা : 285
✕

পঃ কঃ সহকারীর নাম


গ্রাম  ইউনিট :

অনুসন্ধান +

REFRESH / SEARCH

| ক্রমিক নং | খানা নং | দম্পতি নং | হেলথ আইডি   | গ্রামের নাম |
|-----------|---------|-----------|-------------|-------------|
| 1         | 10001   | 2         | 91059350767 | মাঝগ্রাম    |
| 2         | 10001   | 3         | 91059350809 | মাঝগ্রাম    |
| 3         | 10002   | 4         | 91059350833 | মাঝগ্রাম    |
| 4         | 10004   | 6         | 91059350932 | মাঝগ্রাম    |
| 5         | 10005   | 7         | 91059350965 | মাঝগ্রাম    |
| 6         | 10006   | 8         | 91060296934 | মাঝগ্রাম    |
| 7         | 10008   | 9         | 91060297023 | মাঝগ্রাম    |
| 8         | 10009   | 10        | 91060297080 | মাঝগ্রাম    |
| 9         | 10010   | 11        | 91060354212 | মাঝগ্রাম    |
| 10        | 10011   | 12        | 91060297148 | মাঝগ্রাম    |
| 11        | 10012   | 13        | 91060297189 | মাঝগ্রাম    |


ডাউনলোড শেষ হবার পর আপনি যে গ্রামের দম্পতির তথ্য যাচাই করতে চান, সেই গ্রামের সম্পূর্ণ তথ্যাদি উপরের স্ক্রীনে মত দেখতে পাবেন। একেবারে উপরের দিকে ডান কোণায় উক্ত গ্রামে মোট কত জন দম্পতি আছে তার মোট সংখ্যা দেখতে পারবেন।

দম্পতির সংখ্যা যদি অনেক বেশি হয় সেক্ষেত্রে অনুসন্ধান বাটনে  টাচ করে সার্চ করতে পারেন। বিভিন্ন তথ্যের ভিত্তিতে সার্চ করে তথ্য বের করা সম্ভব।

অনুসন্ধান 

|                       |                      |                           |
|-----------------------|----------------------|---------------------------|
| হেলথ আইডি             | <input type="text"/> |                           |
| দম্পতি নং             | <input type="text"/> |                           |
| মোবাইল নং             | <input type="text"/> |                           |
| জাতীয় পরিচয় পত্র নং | <input type="text"/> |                           |
| জন্ম নিবন্ধন নং       | <input type="text"/> |                           |
| এন আর সি নং           | <input type="text"/> | <b>ADVANCE<br/>SEARCH</b> |

উপরে ডাউনলোড করার পর যে দম্পতি তালিকা এসেছে, সেখান থেকে যে দম্পতির তথ্য যাচাই করবেন তার নামের উপরে টাচ করুন। এতে উক্ত দম্পতি সম্পর্কে দম্পতি ছকে সংগ্রহকৃত তথ্য গুলো দেখা যাবে। তবে দম্পতির বিস্তারিত তথ্য একই স্ক্রীনে দেখা যাবে না। তাই বিস্তারিত দেখার জন্য বাম দিকে টাচ করে যেতে হবে। তখন দম্পতির বিস্তারিত তথ্য দেখতে পারবেন। এখন দম্পতির তথ্য যাচাই করতে চাইলে যে দম্পতির তথ্য যাচাই করবেন সেখানে টাচ করুন।

| ক্রমিক নং | খানা নং | দম্পতি নং | হেলথ আইডি   | গ্রামের নাম   |
|-----------|---------|-----------|-------------|---|
| 1         | 10001   | 2         | 91059350767 |  মাঝগ্রাম |
| 2         | 10001   | 3         | 91059350809 | মাঝগ্রাম  |
| 3         | 10002   | 4         | 91059350833 | মাঝগ্রাম  |
| 4         | 10004   | 6         | 91059350932 | মাঝগ্রাম  |
| 5         | 10005   | 7         | 91059350965 | মাঝগ্রাম  |
| 6         | 10006   | 8         | 91060296934 | মাঝগ্রাম  |

সেখান থেকে পঃকঃ সহকারীর সংগ্রহ করা তথ্যগুলো সঠিক কিনা তা যাচাই করতে পারবেন। মাঠ পর্যায়ে আপনি পরিদর্শনের সময় যে তথ্য পাবেন, সেই তথ্য যদি পঃকঃ সহকারীর সংগ্রহ করা তথ্যের সাথে মিলে যায়, তাহলে তা সঠিক, আর যদি না মিলে তাহলে ‘সঠিক না’ সিলেক্ট করতে হবে।

← দম্পতি ছক
✕

|                         |  |   |   |
|-------------------------|--|---|---|
| HH No                   | 10001  | Health ID   | 91059350767   |
| স্ত্রীর নাম             | SONIA AKTER  | বয়স  | 29 (বছর)  |
| মায়ের শিক্ষাগত যোগ্যতা | ১০ম শ্রেণী বা সমতুল্য  |   |   |
| জাতীয় পরিচয়পত্র নম্বর | 6919163826367  |   |   |
| জন্মনিবন্ধন নম্বর       | খুজে পাচ্ছি না   |   |   |
